# Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 10 April, 2025

কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রী প্রদানকারী দেশের ৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা আগামী শনিবার (১২ এপ্রিল) বিকেল ৩টা থেকে ৪টায় অনুষ্ঠিত হবে।

সারাদেশে একযোগে নয়টি কেন্দ্র ও ১৩টি উপকেন্দ্রসহ মোট ২২টি কেন্দ্রে ওই পরীক্ষা অনুষ্ঠিত হবে।এছাড়া ইতোমধ্যে পরীক্ষা সম্পন্ন করতে সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) বাকৃবির রেজিস্ট্রার কার্যালয়ের সভা কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব কথা জানান কেন্দ্রীয় ভর্তি কমিটির সদস্য ও বাকৃবির ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. শহীদুল হক।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বাকৃবির রেজিস্ট্রার ও কেন্দ্রীয় ভর্তি কমিটির সদস্য সচিব ড. মো. হেলাল উদ্দীন, বাকৃবির জনসংযোগ ও প্রকাশনা দফতরের পরিচালক মোহাম্মদ তৌফিকুল ইসলাম এবং বাকৃবির শিক্ষা বিষয়ক শাখার এডিশনাল রেজিস্ট্রার মো. সারওয়ার জাহান।

বাকৃবি কেন্দ্রে ১২ হাজার ৬শ ৬৫ জন পরীক্ষা দিবেন এবং অভিভাবকদের সাময়িক বিশ্রামের জন্য বাকৃবির শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন এবং কেন্দ্রীয় মসজিদ উন্মুক্ত থাকবে।জেলা পুলিশ, ট্রাফিক পুলিশ, বাকৃবির প্রোক্টরিয়াল টিম, রোভার স্কাউট, বিএনসিসি আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্বে থাকবে বলে জানিয়েছেন অধ্যাপক ড. মো. শহীদুল হক।

সংবাদ সম্মেলনে ছাত্র বিষয়ক উপদেষ্টা জানান, এবারের কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষায় সর্বমোট ৩৮৬৩টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৯৪ হাজার ২০ জন।আবেদনকারীদের মধ্যে ৪৬ হাজার ৯শ ৩২ জন ছাত্র এবং ৪৭ হাজার ৮৮ জন ছাত্রী।এসএসসি অথবা সমমান এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রতিটিতে চতুর্থ বিষয় ব্যতীত নূন্যতম জিপিএ ৪ এবং সর্বমোট নূন্যতম জিপিএ ৮ দশমিক ৫০ নূন্যতম যোগ্যতায় প্রার্থীরা আবেদন করেছে এবং আসন প্রতি লড়াই করবেন প্রায় ২৫ জন প্রার্থী।

অধ্যাপক জানান, গত ১৬ মার্চ আবেদনের সময়সীমা শেষ হলে আজ পর্যন্ত ৮৮ হাজার ৮শ ৮৫ জন প্রবেশপত্র ডাউনলোড করেছেন এবং পরীক্ষা শুরু হবার আগ পর্যন্ত প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

আগামী ১৫ এপ্রিল ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ ঘোষণা করা হয়েছে।তবে এই তারিখের সর্বোচ্চ ১৭ এপ্রিল পর্যন্ত বর্ধিত হতে পারে জানিয়েছেন তিনি।

কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:18

URL: https://www.timestodaybd.com/campus/587125417